

২০১৬

বাংলা – সাধারণ

দ্বিতীয় পত্র

পূর্ণমান – ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

সেট – ১

১। (ক) বৈষ্ণব পদাবলীর ‘অভিসার’-এর সংজ্ঞা লেখো। এর অন্তর্নিহিত তত্ত্বটি কী? তোমার পাঠ্য পদদুটি অবলম্বন করে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করো। ৪+৩+৮

অথবা

(খ) ‘গৌরচন্দ্রিকা’ বলতে কী বোঝ? এই বিষয়ে তোমার পাঠ্য একটি পদের কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ৫+১০

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “আজু হাম কি পেখলুঁ নবদ্বীপ চন্দ।
করতলে করই বয়ন অবলম্ব।।”
পদকর্তা কে? কোন্ পর্যায়ের পদ? অংশটির তাৎপর্য আলোচনা করো। ১+১+৩

(খ) “হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে।
পরায়ণ পিরীতি লাগি থির নাহি বাঞ্ছে।।”
পদকর্তা কে? কোন্ পর্যায়ের পদ? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

(গ) “কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান।
অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন।।”
পদকর্তা কে? বক্তার নাম উল্লেখ করে তাঁর এই অনুভূতির স্বরূপ ব্যাখ্যা করো। ১+১+৩

(ঘ) সদাই চঞ্চল বসন-অঞ্চল
সম্বরণ নাহি করে।
বসি থাকি থাকি উঠয়ে চমকি
ভূষণ খসাগ্র পরে।

পদকর্তা কে? কোন্ পর্যায়ের পদ? অংশটির তাৎপর্য আলোচনা করো। ১+১+৩

৩। (ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণের রাজসভা বর্ণনায় কবির নৈপুণ্য পরিমাপ করো। ১+১৪

অথবা

(খ) ‘মেঘনাদবধ কাব্য’-এর চতুর্থ সর্গ অবলম্বনে সীতা চরিত্রের পরিচয় দাও। ১৫

[Turn Over]

৪। সপ্রসঙ্গ তাৎপর্য আলোচনা করো (যে-কোনো দুটি) :

- (ক) বিশেষতঃ এ ভবমগুল
মায়াময়; বৃথা এর দুঃখ, সুখ যত।
(খ) পূর্ব কথা শুনিবারে যদি
ইচ্ছা তব, কহি আমি, শুন মনঃ দিয়া।
(গ) বধিল যে শুরে তোর স্বামী,
বালি নাম ধরে রাজা বিখ্যাত জগতে।
কিঙ্কিন্যা নগর ওই।

৫x২

(ঘ) শোকের ঝড় বহিল সভাতে।

৫। (ক) 'বাঁশি' কবিতায় রবীন্দ্রনাথ হরিপদ কেরানির জীবনালেখ্যটি যেভাবে পরিস্ফুট করেছেন তা বর্ণনা করো।

অথবা

(খ) "অস্পৃশ্যতা যে সামাজিক অপরাধ এবং মানবতাবিরোধী সেই আদর্শ প্রচারের জন্যই 'প্রথম পূজা' কবিতাটি রচিত।" — এই মন্তব্যটি বিশ্লেষণ করে মাধবের আত্মদানে যে যথার্থ পূজা অনুষ্ঠিত হল, তার ব্যাখ্যা করো।

১৫

৬। (ক) 'দেশ দেখাচ্ছ অন্ধকারে' কবিতার বিষয়বস্তু ব্যাখ্য করে কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

১৫

অথবা

(খ) 'আমার ভারতবর্ষ' কবিতার মর্মবস্তু তোমার নিজের ভাষায় লেখো।

১৫

৭। (ক) উদাহরণসহ কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো।

১৫

অথবা

(খ) উদাহরণসহ আলোচনা করো। (যে-কোনো তিনটি) :
দল, পঙ্ক্তি, পদ, লয়, রীতি।

৪x৩

৮। ছন্দোলিপি নির্ণয় করো (যে-কোনো দুটি) :

(পদ, পর্ব, পঙ্ক্তি, লয়, রীতি, মাত্রার উল্লেখ বাঞ্ছনীয়)

৪x২

(ক) চঞ্চল মৌমাছি গুঞ্জরি গায়
বেণুবনে মর্মের দক্ষিণ বায়।

(খ) জগৎ পারাবারের তীরে
ছেলেরা করে খেলা।
অস্তহীন গগনতল
মাথার' পরে অচঞ্চল,
ফেনিল ওই সুনীল জল
নাচিছে সারা বেলা।

(গ) বিনুর বয়স বাইশ যখন রোগে ধরল তারে
ওষুধে ডাক্তারে,

ব্যাধির চেয়ে আধি হল বড়ো
নানা মাপের জমল শিশি নানা মাপের কৌটো হল জড়ো।

(ঘ) যুচাতে চাস যদি রে এই হতাশাময় বর্তমান,
বিশ্বময় জাগায়ে তোল্ ভায়ের প্রতি ভায়ের টান।